65

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN. 29 1999
পৃষ্ঠা ৪ কলাম ৭

## রাজশাহী বিআইটি-র অচলাবস্থা

দীর্ঘ দুইমাস বন্ধ থাকার পর রাজশাহী বি,আই,টি খোলার পরও অচলাবস্থার অবসান হয় নাই। একজন ছাত্র নেতার গ্রেফতার এবং তাহার মুক্তির দাবিতে ক্যাম্পাসে চলিতেছে লাগাতার ধর্মঘট। এ দিকে কর্তৃপক্ষ এই অচলাবস্থা নিরসনে বাস্তবসম্মত পদক্ষেপ নিতে তাঁহাদের সীমাবদ্ধতার কথা জানাইয়াছেন। এই পরিস্থিতিতে অপ্রীতিকর কোন ঘটনা ঘটিয়া যাওয়া বিচিত্র নয়। এবং আবার দীর্ঘদিনের জন্য বি,আই,টি বন্ধের আশংকায় আমরা ছাত্র-ছাত্রীরা উৎকণ্ঠিত । এমনিতেই সেসন জটের যাঁতাকলে পিষ্ট আমাদের শিক্ষাজীবন দুর্বিষহ হইয়া উঠিয়াছে। এমতাবস্থায়, অত্র শিক্ষা প্রতিষ্ঠান যাহাতে আবার অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষিত না হয়, সে ব্যাপারে সতর্কতা অবলম্বনের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

কবির,
সেলিম হল, বি,আই,টি
রাজশাহী